বাংলাদেশ
টেলিভিশন

# বাংলাদেশ টেলিভিশনের শিল্পী, নাট্যকার গীতিকার, পাণ্ডুলিপি রচয়িতা ও কলাকুশলী তালিকাভুক্তি এবং গ্রেডেশন নির্ধারণ সংক্রান্ত নীতিমালা

শুধুমাত্র দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য

# বাংলাদেশ টেলিভিশনের শিল্পী, নাট্যকার, গীতিকার, পাণ্ডুলিপি রচয়িতা ও কলাকুশলী তালিকাভুক্তি এবং গ্রেডেশন নির্ধারণ সংক্রান্ত নীতিমালা

বাংলাদেশ টেলিভিশন একটি সরকারি গণমাধ্যম। কাজেই সংশ্লিষ্ট ক্ষেত্রে যথাযথ যোগ্যতাসম্পন্ন যে কোনও নাগরিক এ টেলিভিশনের যে কোনও অনুষ্ঠানে অংশ নিতে পারেন। তবে এ জন্য তাঁকে এ নীতিমালার আওতায় অডিওভিজ্যুয়াল পরীক্ষায় উত্তীর্ণ হয়ে তালিকাভুক্ত হতে হবে। উত্তীর্ণ না হলে কাউকে বাংলাদেশ টেলিভিশনের সংগীত, নাটক, নৃত্য, সংবাদ, অনুষ্ঠান ঘোষণা/উপস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে অংশগ্রহণের সুযোগ দেয়া যাবে না। দেশের কোনও বরেণ্য ব্যক্তি, শিল্পী বা কলাকুশলী এবং বিদেশী অতিথি মহাপরিচালকের অনুমোদনক্রমে বিটিভির কোনও বিশেষ অনুষ্ঠানে অংশ নিতে পারবেন।

০২। বাংলাদেশ টেলিভিশনে অভিনেতা, সংগীত শিল্পী, নৃত্যশিল্পী, সংবাদপাঠক, আবৃত্তিকার, উপস্থাপকসহ বিভিন্ন ক্যাটাগরিতে তালিকাভুক্তির জন্য নির্দিষ্ট সময় অন্তর বাংলাদেশ টেলিভিশন কর্তৃপক্ষ আবেদনের ওপর ভিত্তি করে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ, দক্ষ ও পারদর্শী সদস্য সমন্বয়ে গঠিত বোর্ডের মাধ্যমে তালিকাভুক্তি ও গ্রেডেশন করা হবে। তবে এজন্য নির্ধারিত ফরমে বিটিভি নির্ধারিত ফি পরিশোধ করে মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। বিটিভির প্রতিটি কেন্দ্রে পৃথক পৃথকভাবে এ আবেদন গ্রহণ করা হবে। আগ্রহী ব্যক্তিবর্গ অনলাইনেও বাংলাদেশ টেলিভিশনে অভিনেতা, সংগীত শিল্পী, নৃত্যশিল্পী, সংবাদপাঠক, আবৃত্তিকার, উপস্থাপকসহ বিভিন্ন ক্যাটাগরিতে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন। প্রাপ্ত আবেদন বাছাই করে বাংলাদেশ টেলিভিশন আবেদনকারীদের অডিশনে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাবে।

০৩। নাট্যকার, গীতিকার ও অন্যান্য পান্ডুলিপি রচয়িতা হিসেবে তালিকাভুক্তির জন্য আগ্রহী ব্যক্তিবর্গ তাদের রচিত পান্ডুলিপি সংযুক্ত করে নির্ধারিত ফরমে এবং বিটিভি নির্ধারিত ফি পরিশোধ করে মহাপরিচালক বরাবর আবেদন করবেন।

০৪। বাংলাদেশ টেলিভিশনের অভিনেতা, সংগীত শিল্পী, নৃত্যশিল্পী, সংবাদপাঠক, আবৃত্তিকার, উপস্থাপকসহ বিভিন্ন ক্যাটাগরিতে তালিকাভুক্তির জন্য পৃথক পৃথক অডিশন বোর্ড গঠিত হবে। মহাপরিচালক বোর্ড গঠনের আদেশ জারি করবেন।

০৫। অডিশন বোর্ডের গঠন, কার্যক্রম এবং অডিশন প্রক্রিয়া

(ক) বাংলাদেশ টেলিভিশনের প্রতি কেন্দ্রে অভিনেতা, সংগীত শিল্পী, নৃত্যশিল্পী, সংবাদপাঠক, গীতিকার, নাট্যকার, আবৃত্তিকার, উপস্থাপকসহ বিভিন্ন ক্যাটাগরিতে তালিকাভুক্তির জন্য প্রতিটি বিষয়ে পৃথক অডিশন বোর্ড গঠিত হবে।

(খ) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)/পরিচালক (অনুষ্ঠান)/জেনারেল ম্যানেজার বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করবেন এবং সংশ্লিষ্ট প্রোগ্রাম ম্যানেজার/নির্বাহী প্রযোজক বোর্ডের সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

(গ) সংবাদ পাঠক/জেলা সংবাদদাতা নিয়োগ/তালিকাভুক্তির ক্ষেত্রে উপ-মহাপরিচালক (বার্তা)/পরিচালক (বার্তা)/জেনারেল ম্যানেজার বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করবেন এবং বার্তা সম্পাদক/নির্বাহী প্রযোজক (বার্তা) সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

(ঘ) প্রতিটি বোর্ড সভাপতি ও সদস্য সচিব ব্যতীত ০৩ (তিন) জন (সংগীতের ক্ষেত্রে সর্বোচ্চ পাঁচ জন) বিশেষজ্ঞ সদস্য সমন্বয়ে গঠিত হবে।

(ঙ) আবেদনকারীদের অডিশন দুই পর্যায়ে সম্পন্ন করা হবে। প্রথমে ক্যামেরা ব্যতীত বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হবে। দ্বিতীয় পর্যায়ে বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্যামেরার সামনে স্ক্রিন টেস্টের মাধ্যমে চূড়ান্ত অডিশন গৃহীত হবে। (গীতিকার ও নাট্যকারদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য নয়)।

(চ) বাছাই পর্যায়ে পরীক্ষা গ্রহণের জন্য অডিশন কমিটির একাধিক সদস্য এবং প্রয়োজনে অডিশন কমিটির বাইরের যোগ্য ও অভিজ্ঞ ব্যক্তিবর্গের সমন্বয়ে বাছাই কমিটি গঠন করা হবে। অডিশন কমিটির পরামর্শ নিয়ে মহাপরিচালক প্রাথমিক বাছাই কমিটি গঠন করবেন।

(ছ) অডিশনের চূড়ান্ত পর্যায়ে প্রয়োজনে সীমিত সংখ্যক দর্শক শ্রোতাকে আমন্ত্রণ জানানো যাবে। আমন্ত্রিত দর্শক শ্রোতাদের মধ্য থেকে লটারির মাধ্যমে ঢাকা কেন্দ্রে ০৩ (তিন) জন এবং অন্যান্য কেন্দ্রে ০২ (দুই) জন শ্রোতা বিচারক বাছাই করা হবে। শ্রোতা বিচারকগণ বিশেষজ্ঞ বিচারকের পাশাপাশি শিল্পী নির্বাচন প্রক্রিয়ায় অংশ নেবেন, তবে তাঁরা কোন নম্বর না দিয়ে শুধুমাত্র মন্তব্য লিপিবদ্ধ করবেন এবং তা খামে বন্ধ করে মহাপরিচালকের কাছে জমা দেওয়ার জন্য হস্তান্তর করবেন।

(জ) বিটিভির প্রতি কেন্দ্রের নিজস্ব অডিটোরিয়াম/স্থাপনায় বা স্টুডিওতে প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণ শিল্পীদের ক্যামেরা অডিশন/স্ক্রিন টেস্ট গ্রহণ করা হবে।

(ঝ) অডিশন বোর্ডের কোন কার্যক্রম টেলিভিশনে সম্প্রচার করা হবে না।

(ঞ) নাট্যকার, গীতিকার এবং অন্যান্য পাণ্ডুলিপি রচয়িতা হিসেবে তালিকাভুক্তির আবেদনসমূহ পরীক্ষা করে তালিকাভুক্তির সুপারিশ করার জন্য পৃথক একটি বোর্ড গঠন করা হবে। সংশ্লিষ্ট বিষয়ে বরেণ্য একজন বিশিষ্ট ব্যক্তি এ বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ২ জন বিশিষ্ট ব্যক্তি এ বোর্ডের সদস্য থাকবেন। মহাপরিচালকের নিয়োজিত সংশ্লিষ্ট পরিচালক কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।

(ট) অভিনেতা, সংগীত শিল্পী, নৃত্যশিল্পী, সংবাদপাঠক, আবৃত্তিকার, উপস্থাপকসহ বিভিন্ন ক্যাটাগরিতে শিল্পী নির্বাচনের জন্য নিয়মিত অডিশন কার্যক্রমের বাইরে বিশেষ প্রয়োজনে মহাপরিচালক বিশেষ অডিশন গ্রহণের কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

(ঠ) অডিশন বোর্ডের সুপারিশক্রমে বাংলাদেশ টেলিভিশন শিল্পীদের অডিশন/গ্রেডেশন মান নির্ধারনের মাধ্যমে উন্নীত করবে।

(ড) বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে গৃহীত পরীক্ষায় (সংগীত/নাটক/উপস্থাপন/সংবাদপাঠ/ঘোষক ইত্যাদি) উত্তীর্ণ শিল্পী/উপস্থাপক/ঘোষক/সংবাদ পাঠক সরাসরি 'গ' শ্রেণীতে তালিকাভুক্তির যোগ্যতা অর্জন করবেন। মহাপরিচালকের অনুমোদনক্রমে চূড়ান্তভাবে নির্বাচিত শিল্পী/শিল্পীদের তালিকা প্রকাশ করে সংশ্লিষ্ট অনুষ্ঠান অধ্যক্ষ অফিস বিজ্ঞপ্তি জারি করবেন।

(ঢ) যেহেতু উচ্চাঙ্গ সংগীতকে সংগীতের মূল ভিত্তি হিসেবে গণ্য করা হয়, কাজেই উচ্চাঙ্গ সংগীতে কণ্ঠস্বর পরীক্ষায় উত্তীর্ণদের সরাসরি 'খ' শ্রেণীতে তালিকাভুক্ত করা যাবে।

(ণ) নাট্যকার, গীতিকার ও পান্ডুলিপি রচয়িতা হিসেবে তালিকাভুক্তির জন্য নির্বাচিত ব্যক্তিগণও সরাসরি 'খ' শ্রেণীতে তালিকাভুক্ত হবেন।

(ত) প্রতি ০৩ (তিন) বছর পর একজন তালিকাভুক্ত শিল্পীর নিম্নতর গ্রেড থেকে উচ্চতর গ্রেডে উন্নতির আবেদন বিবেচনা করা হবে। এক্ষেত্রে নিম্নরূপ একটি রিভিউ কমিটি থাকবে :

(১) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বিটিভি - সভাপতি
(২) পরিচালক (অনুষ্ঠান/বার্তা) - সদস্য
(৩) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ০২ (দুই) জন বিশেষজ্ঞ - সদস্য
(৪) জেনারেল ম্যানেজার/ সংশ্লিষ্ট অনুষ্ঠান অধ্যক্ষ/মুখ্য বার্তা সম্পাদক - সদস্য সচিব

(থ) উল্লিখিত কমিটি প্রাপ্ত আবেদনপত্রের ভিত্তিতে সংশ্লিষ্ট শিল্পীর বিবেচ্য বিষয়ে বিটিভিতে প্রচারিত অডিওভিজ্যুয়াল সিডি/ডিভিডি/প্রযোজ্য ডিভাইস রিভিউ করে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করবে। মহাপরিচালকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট অনুষ্ঠান অধ্যক্ষ/বার্তা সম্পাদক/মুখ্য বার্তা সম্পাদক প্রযোজ্য ক্ষেত্রে শিল্পীর গ্রেডেশন পরিবর্তন সংক্রান্ত অফিস বিজ্ঞপ্তি জারি করবেন।

(দ) বিটিভিতে তালিকাভুক্ত কোন শিল্পীর আচরণ বা কার্যকলাপ বিটিভির স্বাভাবিক কর্মপরিবেশ/নিরাপত্তার জন্য হুমকি হিসেবে বিবেচিত হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিল্পীর তালিকাভুক্তি স্থগিত/বাতিল করার আদেশ দিতে পারবেন।

০৬। বাংলাদেশ টেলিভিশনের বাইরের একজন অতিথি বোর্ড সদস্য তালিকাভুক্তি ও গ্রেডেশন নির্ধারণী বোর্ড সভায় উপস্থিতির জন্য তিনি বিটিভির একটি অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য যে হারে সম্মানী পেয়ে থাকেন এ ক্ষেত্রেও সেই হারে সম্মানী পাবেন।

০৭। প্রতিবন্ধী, অনগ্রসর শ্রেণী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিল্পীদের ক্ষেত্রে এই নীতিমালা মহাপরিচালকের অনুমোদনক্রমে শিথিলযোগ্য।

০৮। একজন 'গ' শ্রেণীভুক্ত শিল্পী প্রতি প্রান্তিকে একটি, 'খ' ও 'ক' শ্রেণীভুক্ত শিল্পী প্রতি প্রান্তিকে সর্বোচ্চ দুইটি এবং 'উচ্চ' ও 'বিশেষ' শ্রেণীভুক্ত শিল্পী প্রতি প্রান্তিকে সর্বোচ্চ তিনটি অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন। তবে বিশেষ অনুষ্ঠান, ধারাবাহিক নাটক ও ধারাবাহিক অনুষ্ঠানের ক্ষেত্রে এই বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না। এ রকম বিশেষ প্রয়োজনে একজন শিল্পীকে তার জন্য নির্ধারিত কোটার বেশি অনুষ্ঠানে অন্তর্ভুক্ত করতে হলে যথাযথ সময়ে মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করতে হবে।

০৯। জাতীয় পুরস্কার/পদকপ্রাপ্ত লেখক, শিল্পী ও কলাকুশলী এবং দেশের বরেণ্য ও খ্যাতিমান শিল্পী/ব্যক্তির ক্ষেত্রে অনুচ্ছেদ ৮-এ বর্ণিত শর্ত প্রযোজ্য হবে না।

১০। বাংলাদেশ টেলিভিশনের তালিকা বর্হিভুত কোন শিল্পীকে অনুষ্ঠানে অর্ন্তভুক্ত করতে হলে মহাপরিচালক এর লিখিত অনুমতি নিতে হবে।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
প্রধান কার্যালয়
রামপুরা, ঢাকা-১২১৯

www.btv.gov.bd


| | | |
|---|---|---|
| নং-বিটিভি/প্রশাসন-১/৮(অংশ-১২)/ ২১৪২ | তারিখ: | ১১ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ<br>২৫ জুন ২০১৫ খ্রিস্টাব্দ |

বাংলাদেশ টেলিভিশনের শিল্পী, নাট্যকার, গীতিকার, পান্ডুলিপি রচয়িতা ও কলাকুশলী তালিকাভুক্তি এবং গ্রেডেশন নির্ধারণ সংক্রান্ত নীতিমালা মুদ্রিত আকারে তথ্য মন্ত্রণালয়ের ২৩.০৬.২০১৫ তারিখের নং-১৫.০০.০০০০.০২৪.১৮.১৬৭.১১-৫৮১ সংখ্যক স্মারক মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রেরিত হলো।

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

ইতঃপূর্বে জারিকৃত এ সংক্রান্ত যাবতীয় আদেশ/নির্দেশনা এতদ্বারা বাতিল করা হলো।

(আবদুল মান্নান)
মহাপরিচালক

সূত্র: তথ্য মন্ত্রণালয়ের পত্র নং-১৫.০০.০০০০.০২৪.১৮.১৬৭.১১-৫৮১, তারিখ: ২৩.০৬.২০১৫ খ্রিষ্টাব্দ।